



— যদি আমার কাছে গলপ শ্নতে চাও তাহলে মন দিয়ে শ্নতে হবে কিন্তু। টেবলক্থটাকে একটুকু অব্যাহতি দাও তো খ্কু, ধারগ্লো অমন করে ম্চড়িও না, ব্যলে? শোন বলি।

ওর নাম ছিল ইউশ্কা।

গোড়ায় ওটা ছিল জন্বজন্বল দ্টো চোখ আর হালকা গোলাপি নাকওয়ালা যেন একটা ছোট্ট পশমের গ্রিট। জানলার তাকটাতে শ্রেম ঘ্রমে চুলতে-চুলতে রোদ পোহাত পশমের গ্রিটা, চোখদ্বটো বন্ধ করে ডিশ থেকে দ্বুধ চেটে খেত আর সারাক্ষণ মৃদ্ব একটা গর্গর আওয়াজ করত মুখে। কখনও-বা জানলার কাচে থাবা দিয়ে মাছি তাড়াত, আবার কখনও মেঝেয় লাফালাফি করে একটুকরো কাগজ, স্বতোর গ্রিল কিংবা নিজের ল্যাজটা নিয়েই মেতে উঠত খেলায়... কবে-যে এই নানারঙা পশমের ফে'সোর গ্রিটা হঠাৎ একদিন মস্ত বড়, গন্তীর মেজাজের স্বন্দর একটা বেড়াল হয়ে দাঁড়িয়েছিল, হয়ে দাঁড়িয়েছিল সত্যিকার স্বন্দর আর বেড়ালভক্তদের ঈর্যার বস্তু এক মেনিবেড়াল তা আমাদের কারোই আজ আর মনে নেই।

এককথায়, আমাদেরটা ছিল সব বেড়ালের সেরা বেড়াল। বেড়ালটার ছিল লালচে-হল্মদ ফোঁটাকাটা লালচে-বাদামি রঙ, বুকের ওপর্রাদকটা চমংকার ধবধবে শাদা, প্রকাণ্ড কালো-কালো গোঁফ, রেশমের মতো নরম গায়ের চামড়া, পেছনের পাদ্মটো ঘন লোমে ঢাকা আর বাতির চিমনি মোছার ব্রুশের মতো মোটা একটা ল্যাজ!..

আঃ নিকা, ববিককে ছেড়ে দাও দিকি। কুকুরছানার কানটাকে তুমি কলের গানের দম দেয়ার হাতল পেয়েছ নাকি? তোমার কান যদি কেউ অমনভাবে মলে দেয় তো কেমন লাগে? ছাড় শিগ্গিরি ওটাকে, নইলে কিন্তু এই আমার গলপ বলার ইতি...

হ্যাঁ, এই তো, লক্ষ্মী মেয়ে। তারপর, যা বলছিল্ম... ইউশ্কার সবচেয়ে বড় বিশেষত্ব ছিল তার চরিত্র। আছা নিকা, কথাটা কখনও কি তোমার মনে হয়েছে যে জীবনে আমরা সবাই কতরকমেরই তো জীবজভুর সংস্পর্শে আসি অথচ তাদের কারও সম্বন্ধেই বিন্দ্রবিস্পর্ণ কিছ্ম জানি না? তাতে কিছ্ম আসে যায় না আমাদের, তাই তো। যেমন, আমাদের জানা সবরকম কুকুরের কথাই ভাবো। তাদের প্রত্যেকের মন-মেজাজ, স্বভাব, এসবই ভিম্ন-ভিম্ন। বেড়ালদের বেলাতেও ঠিক তেমনই। আর ঘোড়া, পাখি — তাদের বেলাতেও একই ব্যাপার।

এই যেমন ধর, তোমার মতো এত চণ্ডল, ছটফটে মেয়ে দ্বিনায় আর তুমি দ্বিট দেখেছ? কী হল? হাতের কড়ে আঙ্বলটা আবার চোখে ঢোকাচ্ছ কেন? ওতে কি বাতির আলো একটার জায়গায় দ্বটো করে দেখতে পাচ্ছ? আলোদ্বটো কি একবার দ্ব'পাশে সরে যাচ্ছে আর জোড়া লেগে যাচ্ছে ফের? ছি, চোখে কখনও হাত দিতে নেই, ব্রুলে।..

আর যারা অবোলা জীব সম্বন্ধে মন্দু কথা কয় তাদের কিন্সন্কালেও বিশ্বাস কোরো না। হয়তো শ্নেবে লোকে বলছে — বোকা গাধা কোথাকার! কোনোকিছ্ই ব্রুতে চায় না, কু'ড়ের বাদশা আর তেমন চালাক-চতুর নয় এমন কারোকে লজ্জা দিতে হলে লোকে তাকে বলে থাকে গাধা। কিন্তু আমি বলতে চাই যে গাধা কেবল ব্যদ্ধিমান প্রাণীই নয়, ভারি বশ্য-বাধ্য, দয়াল, আর খাটিয়ে প্রাণীও সে। তবে অবিশ্যি ঘাড়ে যদি তার সাধ্যের অতীত বোঝা চাপানো হয়, কিংবা কেউ ধরে নেয় যে সে ঘোড়দৌড়ের ঘোড়া, তাহলে সে যেতে-যেতে রাস্তায় থেমে পড়ে বলবে: 'এতটা বোঝা বওয়া আমার সাধ্যি নয়, আমাকে রেহাই দাও বাপ্ত।' তখন গাধাকে যতই ছপ্টি দিয়ে পেটাও-না কেন, এক-পাও নড়বে না সে।

তবে ঘোড়ার কথা আলাদা। ভারি চণ্ডল আর অধৈর্য প্রাণী সে, আবার চটেও যায় তাড়াতাড়ি। প্রায়ই দেখা যায় ঘোড়া তার সামর্থ্যের অতিরিক্ত খাটছে, আর তারপর রাস্তাতেই মুখ থ্রড়ে পড়ে মরে থাকছে...

আবার যেমন, লোকে কথায় বলে: 'মাদী রাজহাঁসের মতো বোকা।' অথচ আসলে মাদী হাঁসের মতো চালাক আরু কোনো পাখি নেই। মাদী হাঁস তার মালিকের পায়ের শব্দ পর্যন্ত চিনতে পারে। যেমন ধর, তুমি যদি কোনোদিন একটু-বেশি রাত করে বাড়ি ফেরো, আর রাস্তা থেকে এগিয়ে এসে ফটক খুলে উঠোন পার হয়ে হে'টে এস, তব্ তোমার পোষা মাদী হাঁসগ্লো





টু'-শব্দটি করবে না পর্যন্ত। মনেই হবে না যে তারা তোমার উঠোনেই আছে। কিন্তু যে-মৃহ্তে তাদের অপরিচিত কেউ বাড়িতে চুকবে, অমনই তারা প্যাক-প্যাক আওয়াজ তুলে এমন সোরগোল বাধিয়ে দেবে যে কহতব্য নয়। যেন তারা বলবে: 'কে হে, কে বটে তুমি? কী মতলবে বাড়ি চুকছ, শ্নিন?'

তারপর আবার, ওরা কী-যে... এই নিকা, মুথে কাগজ পুরেছ কেন? ফেলে দাও শিগ্গির।
...হাাঁ, যা বলছিলুম। ওরা — মানে মন্দা আর মাদী রাজহাঁস — কী-যে দায়িত্বশীল বাপ-মা তা
যদি জানতে! মন্দা আর মাদী রাজহাঁস পালা করে ডিমে তা দিয়ে থাকে। সত্যি কথা বলতে
কী, মন্দা হাঁস আবার কাজটা মাদীর চেয়েও ভালোভাবে করে থাকে। যদি কখনও দেখা যায়
যে মাদী হাঁস জলের ধারে গিয়ে বেশি সময় কাটাচ্ছে, তার মানে মেয়েদের যেমন স্বভাব তেমনই
পড়শীদের সঙ্গে গপেশা জুড়েছে আর-কি, তাহলে তার কত্তামশাই এসে মাদীর ঘাড়টি কামড়ে
ধরে তাকে টানতে-টানতে নিয়ে যায় বাসায় তাকে দিয়ে মায়ের দায়িত্ব পালন করানোর জন্যে।
সত্যি! এই হল গিয়ে ব্যাপার!



রাজহাঁসের একটা পরিবারকে পথ চলতে দেখা ভারি একটা মজার ব্যাপার। তথন সবার আগে-আগে চলে পরিবারের কত্তা আর রক্ষক। এমনই তার ভারিক্কি আর জমকালো চাল যে সে চলে শক্ত টোঁটদ্টো আকাশের দিকে উচিয়ে। তার জাতের আর-সব পাখির দিকে সে নিচু চোখে হেলাভরে তাকায়। তখন যদি কোনো অর্বাচীন কুকুরছানা কিংবা নিকা তোমার মতো কোনো অমনোযোগী বাচা ওই কত্তা-হাঁসের পথ ছেড়ে সরে না-দাঁড়ায়, তাহলে কিন্তু দ্বঃখ্ব আছে তাদের কপালে। কত্তা-হাঁস তাহলে তার লম্বা গলাটি সাপের মতো মাটির দিকে বাঁকিয়ে সোডা-ওয়াটারের ম্বাখোলা বোতলের মতো হিস্হিস আওয়াজ করতে থাকবে। তারপর সে তেড়ে আসবে শক্ত, ধারালো ঠোঁটদ্টো ফাঁক করে আর পর্রাদন সকালে আমরা দেখতে পাব আমাদের নিকার বাঁ পায়ের ঠিক হাঁটুর নিচটাতেই প্রকাণ্ড একটা কালচে-নীল কালম্বির দাগ। আর যদি কন্তা-রাজহাঁসের পথ আটকায় কুকুরছানা তাহলে তাকে ঘ্রতে হবে খামচানো কান নেড়ে-নেড়ে।


হাঁসের ছানারা তাদের বাপের পিছ্য-পিছ্যু একেবারে গায়ে-গায়ে হাঁটতে থাকে। তাদের দেখতে লাগে ফুলের ঝুরির গায়ে-ফোটা হলদেটে-সব্যুক্ত গাঁড়ি-গাঁড়ি ফুলের মতো। গায়ে-গায়ে লেগে দলা পাকিয়ে চলতে থাকে তারা আর সজােরে ডাক ছাড়তে থাকে পি'ক-পি'ক করে। রােগা লিকলিকে ঘাড়ে তাদের রােঁয়া গজায় নি তখনও, টলমলে পায়ে পড়ােপড়াে অবস্থায় হে'টে যায় তারা। দেখলে বিশ্বাসই হয় না যে বড় হয়ে তারা বাপের মতাে দেখতে হবে। পরিবারের মা চলে সকলের পিছৢ-পিছৢ,। এই মা-হাঁলের বর্ণনা দেয়া কঠিন, কেননা তার ভাবভালতে সতি্যকার অপাথিব সৢখ আর জয়ের উল্লাস ফুটে ওঠে। যেন সে বলতে চায়: 'আমি চাই সারা দৢনিয়া তাম্জব বনে গিয়ে দেখুক কেমন তাগড়া মরদ আমার স্বামী আর আমাদের ছানাপােনারাই-বা কত সুন্দর। যদিও ওরা আমারই স্বামী আর ছানাপােনা, তবু সতি্য কথা বলতে কী ওদের মতাে এমনিট আর সারা দুনিয়ায় নেই।' এই বলে সে চলে যায় হেলেদ্লে, হেলেদ্লে।

জানো তো নিকা, এই রাজহাঁস আর কুমিরের মতো দেখতে একধরনের খাটো-পাওয়ালা কুকুর—এরা কখনও গাড়ির নিচে চাপা পড়ে না। অথচ আশ্চর্য এই যে এদের মধ্যে কে-যে বেশি জব্ধুব্ব তা বলা ভারি শক্ত।

কিংবা ধর ঘোড়ার কথা। ঘোড়া সন্বন্ধে লোকে কী বলে? লোকে বলে, ঘোড়া হল গিয়ে অবোলা জীব, নিছক স্কৃদের দেখতে জাের দােড়বাজ একটি প্রাণী, আর জায়গা চিনে যেতে ভারি ওপ্তাদ। এই মারা। এই গ্লেগ্লো বাদ দিলে অবিশ্যি ঘোড়া নাকি ভারি বােকা, তার ওপর আবার চােথে ভালো দেখতে পায় না, ভারি খামখেয়ালি আর সন্দেহপ্রবণ। ঘােড়া নাকি কখনও কারও ঘান্ট বয়, হয় না। এসব আবােলতাবােল কথা বলে থাকে অবিশ্যি সেই সমস্ত লােক যারা ঘােড়া রাথে অন্ধকার আন্তাবলে, বাচ্চা-ঘােড়াকে লালন করে বড় করে তােলা-যে কতখানি আনন্দের ব্যাপার তা যারা জানে না, যারা জানে না ঘােড়াকে যে-লােক দলাই-মলাই করে, খ্রের নাল পরিয়ে আনে, দানা-পানি দেয় তাকে ঘােড়া কতখানি ভালােবােসে, কতখানি কৃতজ্ঞ থাকে তার কাছে। এমন লােক শ্রুর, ঘােড়ার পিঠে চড়তে পারলেই খ্রিদ, কিংবা ঘােড়া তাকে না-কামড়ালে, চাট না-মারলে বা ফেলে না-দিলেই খ্রিদ থাকে। এসব লােকের মাথায় কখনও এমন চিন্তাই আসে না যে ঘােড়াকে ঠাণ্ডা জল খেতে দিতে হয়, এমন রান্তা ধরে ঘােড়া ছােটাতে হয় যেখানে মাটি কম শক্ত এবং পথে পথে একটুখানি জল দিতে হয় আর বিশ্রামের জন্যে থামলে পরে ঘােড়ার পিঠ কন্বল দিয়ে কিংবা নিজের কোট দিয়েই ঢেকে দিতে হয়... কাজেই এমন লােককে কেন তার ঘােড়া মর্যাদা দেবে তা আমায় বলতে পার?

যদি তুমি কোনো খাঁটি ঘোড়সওয়ারকে ঘোড়া সম্বন্ধে জিজ্ঞেস কর তাহলে সে ঠিক বলবে যে ঘোড়ার মতো এমন ব্যক্তিমান, দয়াল, আর উ'চু মনের প্রাণী কোথাও নেই — অবিশ্যি যদি তার মনিবটিও হয় ভালো আর ব্যবদার মান্য।

আরবদেশের লোকেরা ঘোড়াকে তাদের পরিবারের একজন বলে মনে করে। বাড়ির ছোট-ছোট ছেলেমেয়ের পাহারার ভার দেয় তারা ঘোড়ার ওপর, যেন ঘোড়া তাদের ঘরের বিশ্বস্ত ধাই-মা। আর জানো তো নিকা, এই রকম পাহারাদার ঘোড়া দরকার পড়লে কাঁকড়াবিছেকে পর্যন্ত পায়ে পিষে মারে আর ব্বনো জন্তুকে মেরে ফেলে লাখি চালিয়ে। মৃথে কালিয়ুলি-মাখা কোনো



ৰাচ্চা যদি হামাগ্ৰড়ি দিয়ে এমন কোনো ঝোপঝাড়ের ধারে চলে যায় যেখানে সাপ ল্বিকয়ে থাকার সন্তাবনা, তাহলে ঘোড়াটা নিঃশব্দে সেখানে গিয়ে আন্তে বাচ্চাটার শার্টের কলার কিংবা প্যাণ্ট কামড়ে ধরে তাকে তুলে তাঁব্তে ফিরিয়ে আনে। যেন সে বাচ্চাটাকে বলতে চায়: 'যেখানে বিপদ-আপদের ভয় সেখানে যাস নে খবরদার, বোকা ছেলে কোথাকার!'

প্রভুর কাছ থেকে আলাদা হয়ে গেলে ঘোড়ারা কখনও-কখনও শোকে-দ্বংখে মারা পর্যন্ত যায়। সত্যি-সত্যি চোখের জল পর্যন্ত ফেলে তারা।

ঘোড়া আর তার মৃত মনিবকে নিয়ে একটা গান এককালে প্রচলিত ছিল জাপরোজিয়ে-র কসাকদের মধ্যে। গানটিতে বলা হচ্ছে যে মৃত মনিব যুদ্ধক্ষেত্রে পড়ে আছে, আর

> ঘোড়া রয়ে গেছে প্রভুর কাছে, ল্যাজের ঘায়ে যে মাছি ভাড়ায়, প্রভুর চোখে সে তাকিয়ে আছে, শ্বাস ফেলে মুখে জীয়াতে চায়।

তাহলে দ্'জনের মধ্যে কে ঠিক — কালেডদ্রে যে ঘোড়সওয়ার, না যে জাত-সওয়ার?
কী বললে? ওহো, তাই তো, বেড়ালের কথা তুমি ভোল নি দেখছি! ঠিক আছে, তাহলে
বেড়ালের গল্পই বলি।

কিন্তু সেটা কী ভালো হবে? তার বদলে আমি শোনাতে পারি আরও কত মজার-মজার গলপ। যেমন ধর, হাজারো বদনামের ভাগী বেচারা শ্রেয়ার আসলে কত পরিত্কার-পরিচ্ছর আর চালাক-চতুর, পাহারাদার কুকুরকে ফাঁকি দিয়ে তার হাড়-মাংসের টুকরোটা মুখে করে পালিয়ে যাওয়ার ব্যাপারে কাকের পাঁচ রকমের ভিন্ন-ভিন্ন কোশল, কেমন করে উটগ্রেলা... আচ্ছা-আচ্ছা, থাক, উটের কথা বাদ দিয়ে বেড়ালের কথাই বলা যাক।

যেখানে খাদি সেখানে ঘামোত ইউশ্কা: সোফায়, কন্বলের ওপর, চেয়ারে, পিয়ানোরওপর-রাখা সঙ্গীতের স্বরলিপির প্রতাগালোর ওপর, সর্বত্তই। স্বচেয়ে ভালোবাসত সে খবরের
কাগজের ওপর শাতে, আর খবরের কাগজের ওপর শোবার সময়ে সর্বদাই কাগজের প্রথম
প্রতার নিচে গাড়ি মেরে চুকত। নিউজপ্রিশ্টের গদ্ধে কী-একটা যেন মাদকতা আছে যা বেড়ালগালো
ভারি পছন্দ করে। তাছাড়া কাগজের মধ্যে গরমটা ধরাও থাকে চমংকার।

সকালবেলা গোটা বাড়ির যখন ঘ্ম ভাঙত ইউশ্কা তখন আমার কাছেই আসত প্রথমে। তবে যখন তার সজাগ কানে আমার পাশের ঘরে বাচ্চার সকালবেলাকার রিনরিনে গলার আওয়াজ ধরা পড়ত একমাত্র তখনই আসত সে।

আমার ঘরের দরজা কখনোই শক্ত করে বন্ধ থাকত না, ইউশ্কা তাই মুখ আর থাবাদ্টোর ধারুয়ে খুলে ফেলত দরজা। তারপর ঘরে চুকে লাফিয়ে আমার বিছানায় উঠত আর তার



গোলাপি নাকটা আমার হাতে-গালে ছ;ইয়ে-ছ;ইয়ে আদর করত আর সংক্ষিপ্ত গর্র আওয়াজ ভূলত একটা।

ইউশ্কা জীবনে কখনও মিউ-মিউ করে ডাকে নি, কেবল খানিকটা সঙ্গীতের মতো শ্নতে এই গর্র্ আওয়াজ করেই ডাকত। তবে ওই আওয়াজটুকুর মধ্যেই থাকত নানারকমের ধর্নিবৈচিত্রা, যা দিয়ে সে প্রকাশ করতে পারত উৎকণ্ঠা, ভালোবাসা, নারাজ হওয়া, কৃতজ্ঞতা, অসন্তোষ, ধমক কিংবা দাবি জানানোর মতো হরেক মনোভাব। তার সংক্ষিপ্ত একটা গর্র্ শব্দের অর্থ ছিল: 'আমার পিছ্পিছ্, এস।'

কাজেই গর্র্ শব্দে আমাকে ডেকেই সে লাফিয়ে নেমে পড়ত বিছানা ছেড়ে, তারপর একবারও পিছ, ফিরে না-তাকিয়ে সোজা রওনা দিত ঘরের দরজার দিকে। আমি-যে ওর কথা ঠেলতে পারব না এ-বিষয়ে কোনোই সন্দেহ ছিল না ওর।

আমিও ওর কথামতো চলতুম। ওই গর্র ডাক শ্নেই আমি তাড়াতাড়ি বিছানা ছেড়ে উঠে গায়ে জামা চড়িয়ে আধো-অন্ধনার ডেতরের বারান্দায় বেরিয়ে আসতুম। দেখতুম, সেই আবছা অন্ধকারে সব্জেটে-হল্দ পালার চোখদ্টি জন্লিয়ে ও আমার জন্যে অপেক্ষা করে আছে সেই ঘরের দরজাটার বাইরে যে-ঘরে আছে চার-বছরের একটি বাচ্চা আর তার মা। দরজাটা আমি বিঘতখানেক ফাঁক করে দিতেই কৃতজ্ঞতাস্চক ছোটু একটি গর্র শব্দ তুলে তুলতুলে

নরম দেহটাকে আঁকিয়ে-বাঁকিয়ে আর ঝাঁপালো ল্যাজটায় ঢেউয়ের লহর তুলে ইউশ্কা ঢুকে পড়ত সেই বাচ্চার ঘরে।

এরপর শ্রুর হোত স্প্রভাত জানানোর প্রথাসিদ্ধ পালা। প্রথমে ইউশ্কা সারত আধা-সরকারি তার কর্তব্যকর্ম: একলাফে মায়ের বিছানায় উঠে ছোট্ট একটু গর্র শব্দে 'স্প্রভাত, মনিবগিমি' বলে ইউশ্কা তাঁর হাত আর গাল চেটে দিত। এই সাক্ষাংকার সেরে ফের সে লাফিয়ে বিছানা থেকে নামত আর গ্রিটগ্রিট গিয়ে হাজির হোত বাচ্চার বিছানার জাল-বাঁধা পাশ্টিতে। এরপর দ্'পক্ষই সাদর সম্ভাষণ জানাত পরস্পরকে।

'গর্র্! গর্র্! স্প্রভাত, বন্ধু। ভালো ঘ্ম হয়েছে তো?' 'আরে, ইউশ্কা! আমার মিণ্টি, আমার সোনা, ইউশ্কা!' এমন সময় আগের বিছানা থেকে একটা গলা শোনা যেত:

'কোলিয়া, কতদিন তোমায় বলেছি-না যে বেড়ালের ম্বে চুম্ব দেবে না? জানো না, বেড়ালের পেটে রোগের বীজাণ্ব থাকে?'

মিন্টি কথায় তোয়াজ করতে জানত না ইউশ্কা। (তবে কেউ কোনো উপকার করলে কায়দাদ্বস্থ আর আত্তরিকভাবে ধন্যবাদ জানাতেও ভুলত না।) কসাইখানার ছেলেটির আমাদের বাড়িতে প্রতিদিন মাংস দিতে আসা আর তার পায়ের শন্দের ব্যাপারটা একেবারে খ্রিটিয়ে জেনে ফেলেছিল সে। যদি সে তখন বাড়ির বাইরে থাকত, তাহলে গোর্র মাংসের টুকরোর জন্যে অপেন্টা করে থাকত বাড়ির বার-বারান্দাটায়, আর যদি থাকত সে বাড়ির ভেতরে, তাহলে মাংসের আশায় ছ্টে যেত রাল্লাঘরে। রাল্লাঘরের দরজাটা নিজে-নিজেই আশ্চর্ম কৌশলে খ্লতে পারত ইউশ্কা। সে-ঘরের দরজার হাতলটা বাচার শোওয়ার ঘরের মতো গোলমতো আর হাতির







দাঁতের তৈরি ছিল না, ছিল লম্বামতো আর পেতলের তৈরি। একছুটে এগিয়ে এসে লাফিয়ে উঠে সামনের দুই পায়ের থাবা দিয়ে হাতলটা চেপে ধরত ইউশ্কা, আর পেছনের দুই পায়ের থাবার ভর রাখত দেয়ালের গায়ে। এরপর নরম শরীরটা দিয়ে দিত দুটো কি তিনটে ধাকা — বাস, সঙ্গে সঙ্গে ক্লিক করে একটা আওয়াজ হোত আর দরজার গা-তালা যেত খুলে। আর এর পরের ব্যাপারটা তো ছিল ওর পক্ষে সোজাই।

নির্দিণ্ট মাংসের টুকরোটা কাটতে আর ওজন করতে কসাইখানার ছেলেটি কখনও-কখনও বেশ-কিছ্টো সময় নিত। আর ইউশ্কা তখন টেবিলের কানায় তার সামনের থাবাদ্টোর নখগ্লো বিশিধয়ে দিয়ে মহা অধৈর্যভাবে ঝুলে থাকত আর হরাইজণ্টাল বার-এ ঝুলভ ব্যায়ামবিদের মতো দ্বাতে থাকত এদিক-ওদিক। তবে সবসময়েই নিঃশণ্দে এই কাজটা করত সে।

কসাইখানার ছেলেটি ছিল রাঙা-টুকটুকে গালওয়ালা হাসিখ্নি আর লাজ্ক। কথায়-কথায় হাসত সে। জীবজন্ত ভারি ভালোবাসত ছেলেটি, ইউশ্কাও তার ভারি প্রিয় ছিল। কিন্তু হলে কী হবে, ইউশ্কা তাকে এমনকি গায়ে হাত পর্যন্ত দিতে দিত না। ছেলেটি কাছে এলেই উদ্বভাবে তার দিকে একনজর তাকিয়ে একলাফে দ্বের সরে যেত ইউশ্কা। সত্যি, মেজাজী ছিল বটে আমাদের ইউশ্কা-স্বেরী! ছেলেটি ওর কাছে রোজকার নিছক মাংস সরবরাহের লোক ছাড়া বেশি কিছ, ছিল না। যা-কিছ, ওর সংসারের একটা অংশ আর ওর তদার্রকির অধীন নাহেতে তার প্রতিই ওর ছিল রাজকীয় উদ্ধত্যের মনোভাব। তবে আমাদের প্রতি ছিল ওর অসীম অন্কশ্পা।

ওর হ্রকুম মেনে চলতে আমার ভারি ভালো লাগত। যেমন ধর, আমি হয়তো তাতিয়ে-তোলা মাচার ওপর ঝ্কৈ পড়ে ফুটির লতার গায়ে সে'টে-ধরা আগাছাগ্রলো সাবধানে একটা-



একটা করে ছি'ড়ে সরিয়ে দিচ্ছি আর এ-কাজ অনেক হিসেব করেই করতে হচ্ছে আমায়। গ্রীম্মের রোম্দ্রের আর তপ্ত মাটির ভাপে ঘেমে নেয়ে উঠেছি হয়তো, এমন সময় নিঃশব্দে কাছে এসে দাঁড়িয়ে ইউশ্কা শ্বাধ্ব বলে উঠেছে:

'शब्ब्!'

তার মানে: 'এস দেখি, তেন্টা পেয়েছে আমার!'

আর আমাকে তখন কণ্ট করে কোমর সোজা করে খাড়া হতে হয়। ইউশ্কা চলতে থাকে আগে-আগে, পথ দেখিয়ে। কিন্তু তাই বলে একবারের তরেও পিছু ফিরে তাকায় না সে। তব্ আমার কি তার কথা না-শোনার কিংবা আলসেমি করে পিছিয়ে পড়ার উপায় আছে? মোটেই না। সে আমাকে পথ দেখিয়ে নিয়ে যায় সব্জি-বাগান থেকে বাড়ির উঠোনে, তারপর রান্নাঘরে, শেষে ভেতরের বারান্দা পার হয়ে একেবারে আমার নিজের ঘরটিতে। আর প্রতিবারই ভদ্রতা করে আমাকে দোর খ্লে দিতে হয় আর সসম্ভ্রমে আগে-আগে যেতে দিতে হয় ইউশ্কাকে। আর একবার আমার ঘরে ঢোকার পর সে বেশ কায়দাদ্রস্তভাবেই লাফ দিয়ে জলের কলের সংলগ্ন হাতম্থ খোওয়ার বেসিনটার ওপরে ওঠে আর সঙ্গে সঙ্গে তিন পায়ে ভর দিয়ে দাঁড়িয়ে যায় বেসিনের মার্বেলপাথরে-তৈরি কানার ওপর, কেবল ভারসাম্য রাখার জন্যে একটা পা তুলে রাথে শ্নেয়। এরপর ইউশ্কা তেরছা চোথে আমার দিকে তাকায় আর বলে:

'शत्त्। कलो भारत जल माउ मिकि।'

কল খ্লে দিই আমি। সর্ একটা র্পোলি জলের ধারা নামে। আর ইউশ্কা বেসিনের কানায় দাঁড়িয়ে ঘাড়টি স্কুদরভাবে অলপ-একটু বাঁকিয়ে সর্ গোলাপি জিভ মেলে দুতে সেই জল চেটে নিতে থাকে।

বেড়ালরা অবিশ্যি ঘনঘন জল খায় না, তবে যখন জল খায় তারা তখন অনেকক্ষণ ধরে একসঙ্গে বেশ খানিকটা খায়। কখনও-কখনও ইউশ্কাকে চটানোর জন্যে আমি করতুম কী, নিকেলের কলাই-করা জলের কলটা উলটোম্বখ ঘ্রিয়ে কলের মুখ থেকে ফোঁটায়-ফোঁটায় জল ছাড়তুম।

ইউশ্কা এতে বিরক্ত হোত। বেসিনের কানায় অমন অস্বন্থিকরভাবে দাঁড়াতে হওয়ায় সে অধৈর্যভাবে পা বদলে দেহের ভার বদলে নিয়ে মুখ ফিরিয়ে তাকাত। দ্পন্টতই তির্দ্ধার-ভরা দুন্টি নিয়ে হলদে-হলদে দুটো পোখরাজ-পাথর তাকিয়ে থাকত আমার দিকে।

रयन সেই চোখদ্টো বলত: 'গর্র্! থাক-থাক, আর নন্টামিতে কাজ নেই!..'

আর তারপর থাবা দিয়ে কলটায় ধাকা দিত কয়েকবার।

এতে আমি লম্জা পেয়ে যেতুম। ওর কাছে ক্ষমা চেয়ে নিয়ে কলটা খ্লে দিতুম আবার। আরেক দিনের ঘটনা বলি।

একদিন দেখি ঘরের মধ্যে বড় সোফাটার সামনে মেঝেয় বসে আছে ইউশ্কা, ওর পাশেই রয়েছে খবরের কাগজের একখানা পাতা। ঘরে চুকেই আমি দাঁড়িয়ে পড়লুম। দেখলুম ইউশ্কা



তাকিয়ে রয়েছে আমার দিকে একদ্নেট। আমিও ওর দিকে তাকিয়ে রইল্ম। এক-মিনিট কাটল। ওর ওই চাউনির অর্থ আমি স্পন্ট ব্রুকতে পার্রাছল্ম। ও বলতে চাইছিল:

'তুমি তো জানো আমি কী চাইছি, কিন্তু এমন ভান করছ যেন কিছুই ব্ৰুবছ না। ঠিক আছে, আমিও তোমাকে কিছু, বলছি না।'

এবার খবরের কাগজের পাতাখানা তুলে নেবার জন্যে আমি হে'ট হল্ম আর সঙ্গে সঙ্গে কানে এল ধ্প করে একটা নরম আওয়াজ। দেখল্ম ইউশ্কা বড় সোফাটায় উঠে বসে অপেক্ষা করছে। ওর চোখের দ্ভিও সদয় হয়ে উঠেছে তখন। খবরের কাগজখানা দিয়ে একটা তাঁব, বানিয়ে এবার আমি ওকে ঢেকে দিল্ম, ওর মোটা ল্যাজটা বেরিয়ে রইল কেবল। এরপর ল্যাজটাও ক্রমশ একটু-একটু করে টেনে নিল ও কাগজের ঢাকনার নিচে। খবরের কাগজখানা একবার-দ্'বার খড়মড় করল, নড়ল এক-আধটুকু, তারপর সব চুপ। ইউশ্কা ঘ্রিয়ে পড়ল আর আমিও পা টিপে-টিপে বেরিয়ে এল্ম ঘর থেকে।

ইউশ্কার জীবনে নিঃশব্দে আনন্দ উপভোগের বিশেষ কিছ, কিছ, সময় আসত মাঝে-মাঝে, যখন আমি অনেকক্ষণ পর্যন্ত রাত জেগে লিখতুম। এ-কাজটা অবিশ্যি কিছ,টা ক্লান্তিকরই, কিন্তু একবার যদি এটা অভ্যেস হয়ে যায় তাহলে কিন্তু ভারি তৃপ্তি পাওয়া যায় কাজটা করে। এইভাবে যখন কাগজে কলম খসখসিয়ে লিখে যেতুম তখন একেক সময় হঠাং ব্রুতে পারতুম যে ঠিক যে-শন্দটা আমার দরকার সেটাই খ্লে পাছি না। তখন থেমে যেতে হোত। আর ব্রুতে পারতুম চারিদিক কী বিষম নিস্তর। কেরোসিনের বাতিটা মৃদ্র হিস্হিস আওয়াজ তুলছে। দ্রে শ্রুতে পাছি সম্দের চেউ ভেঙে পড়ছে পাড়ে আর সেই মৃদ্র শন্দে রাত্তিরটা যেন আরও নিরিবিল ঠেকছে। আর ঘ্রিমেরে আছে সমস্ত মান্য, সকল জীবজন্ত, ঘোড়া আর পাখি আর মান্যের বাচারা, এমনকি পাশের ঘরে কোলিয়ার প্তৃলগ্লো পর্যন্ত। কুকুরের ডাকও আর শোনা যাছে না, কারণ তারাও ঘ্রেমাছে। এরপর দেখতে-দেখতে আমার চোথও ভারি হয়ে আসত, ভাবনাগ্লো যেত কেমন জট পাকিয়ে আর সরে-সরে যেত দ্রে। আর তখন ব্রুতে পারতুম না কোথায় আছি আমি—ঘন জঙ্গলে, না মন্ত উ'চু একটা মিনারের চুড়োয়। এমন সময় আমার চট্কা ভাঙত নরম অথচ সজোর একটা ঝাঁকুনিতে। দেখতুম ইউশ্কা এসেছে, মেঝে থেকে হালকা লাফে আমার লেখার টেবিলে উঠে জাগিয়ে দিয়েছে আমায়। এর আগে কখন-যে ও ঘরে চুকেছে তা লক্ষ করি নি।

এরপর টেবিলের ওপর এক জায়গাতেই কয়েকবার ঘ্রপাক থেয়ে, পছন্দমতো একটা জায়গা খাজে নিয়ে এক-মাহাত একটু ইতন্তত করে আমার ডান হাতের কাছটিতে বসে পড়ত ও। তারপর কাঁধদ্টো কু'জো করে, চারটে থাবাই শরীরের নিচে লাকিয়ে ফেলে, কেবল সামনের দ্টো মখমলের মতো থাবা অলপ-একটু বের করে রেখে পশমের গাটির মতো বসে থাকত।

আর কেমন যেন একটা প্রেরণার বশে ফের আমি দ্রুত লিখতে শ্রুর, করতুম। লিখতে-লিখতে মাঝে-মাঝে মাথা না-উঠিয়েই চোরাচোখে তাকাতুম বেড়ালটার দিকে। দেখতুম শরীরের চারভাগের তিনভাগ আমার দিকে ফিরিয়ে বমে আছে সে, বড় একটা পালা-পাথর স্থিরদৃষ্টিতে তাকিয়ে আছে বাতির শিখার দিকে, আর চোখের মনির মাঝামাঝি ওপর-থেকে-নিচে-পর্যন্ত চেরা একটা কালো ফালি সর্ব, হয়ে এসেছে যেন একটা ক্ষ্রের ফলা। আমার চোখের পাতাদ্রটো এক-মৃহ্তুর্তর জন্যেও একটু নড়ে উঠলেই ইউশ্কা তা লক্ষ্য করত, আর সঙ্গে সঙ্গে তার স্ক্রের মাথাটি ঘোরাত আমার দিকে। তখন হঠাং ওর চোখের মনির চেরা অংশদ্রটি জলন্ত অলারের পাতলা পাড়-বোনা ঝলমলে কালো দ্রটি ব্তের আকার নিত। আমি বলতুম, 'ঠিক আছে, ইউশ্কা, আমি আরও কিছুক্ষণ লিখব।'

ফের আবার কলম চলত খসখস করে। আপনা থেকেই কলমের মুখে বেরিয়ে আসত স্কর-স্কর শব্দের শব্দের অনর্গল স্রোত আর সেই বশ্য-বাধ্য শব্দগ্লি মালার মতো গে'থে তুলত বহু,বিচিত্র কত-যে বাক্যাংশ। এইভাবে কিছ্কেণ লেখার পর অবশেষে একসময় মাথা ক্লান্ত হয়ে পড়ত, পিঠ ব্যথা করত, আর আমার ডান হাতের আঙ্লেগ্লো কাপতে থাকত তির্রতির করে। তখন মনে হোত এবার বোধহয় শ্তে যাওয়া দরকার।

আর দেখা যেত ইউশ্কারও মত তা-ই। অনেকদিন আগেই সে এ-ব্যাপারে একটা খেলা বের করেছিল মাথা থেকে। খেলাটা এই: কাগজের ওপর কালো অক্ষরের লাইনগ্লো তৈরি হোত যেই

ইউশ্কাও মনোষোগ দিয়ে সেগ্লো লক্ষ করতে থাকত, কলমের চলাফেরার পিছ্পিছ্, চলত তার দ্টো চোখও, আর সে এমন ভাব দেখাত যেন আমি কলমের মুখ থেকে ছোট-ছোট বিচ্ছিরি কতগ্লো কালো মাছি বের করে কাগজের গায়ে সে'টে দিছি। আর তারপর একসময় হঠাৎ তার থাবা বাড়িয়ে শেষ মাছিটাকে টিপে মারত সে। তার থাবার এই বাড়িটা ছিল যেমন আচমকা তেমনই অব্যর্থ, এতে মাছির কালো রক্ত যেত কাগজের গায়ে ধেবড়ে। ইঙ্গিতটা আমি ব্রুত্ম। বলতুম, 'চল্, এবার শ্তে যাই ইউশ্কা। আর মাছিগ্লোও ঘ্যমোক কাল সকাল পর্যন্ত।

ঘরের জানলা দিয়ে তখন ফিকে আলোয় আমার প্রিয় অ্যাশগাছটার অস্পণ্ট চেহারা দেখা যেত। আমার পায়ের কাছে কন্বলের ওপর গ্রিটস্টি মেরে ঘ্যোত ইউশ্কা।

একদিন ইউশ্কার বন্ধ, ও উৎপীড়ক কোলিয়া অস্ত্র হয়ে পড়ল।

বেড়ালটাকে অস্ত্র ছেলের ঘরে চুকতে দেয়া হল না। হয়তো এটা ঠিকই হয়েছিল। লাফালাফি করে হয়তো ওটা ঘরের মধ্যে কিছ্,-একটা উলটে দিত, ভেঙে ফেলত কিছ্,-একটা, রুগীকে জাগিয়ে তুলত কিংবা ভয় পাইয়ে দিত। তবে ইউশ্কাকে ঘরের ভেতরে যেতে বেশিবার বারণ করতে হয় নি, শিগ্গিরই ব্যাপারটা ব্বে ফেলেছিল সে। কিন্তু সে ঘরের বাইরে দরজার সামনে মেঝের



শাটাতনের ওপর শ্রের রইল, ঠিক যেমন কুকুররা শ্রের থাকে সেইভাবে। যেঝেয় শ্রের গোলাপি নাকটা তার দরজার নিচের ফাঁকে চুকিয়ে রাখল আর একমাত খেতে যাওয়া ও অলপ কিছ্কেণের জন্যে দরকারে বাইরে যাওয়া ছাড়া গোটা চার-চারটে দিন সে ওই জায়গা ছেড়ে নড়ল না। ওখান থেকে নড়ানো অসম্ভব হয়ে পড়ল তাকে। তাছাড়া জোর করে তাকে সরালে তাতে নির্ভূরতার পরিচয়ও দেয়া হোত। তাই সে রয়ে গেল ওইখানেই। বাচ্চার ঘরে চুকতে বা ঘর থেকে বেরোতে গিয়ে সবাইকে বেড়ালটাকে ডিঙিয়ে যাতায়াত করতে হল। ফলে কেউ ওকে পা দিয়ে ধারা দিয়ে গেল, কেউ ল্যান্ত মাড়িয়ে দিল, কেউ মাড়িয়ে দিল ওর থাবাগ্রেলা, কেউ-বা বিরক্ত হয়ে লাখি মেরে সরিয়ে দিল ওকে। এতে বড়জোর ও খালঁক করে উঠত, সরে বসত একটুখানি আর তারপর ফের আন্তে-আন্তে কিতু নাছোড়বান্দাভাবে ফিরে আসত নিজের জায়গাটিতে। বেড়াল-যে কখনও এমন আচরণ করে একথা আগে আমি কোনোদিন শ্রেন নি বা কোথাও পড়ি নি। ডাক্তাররা সাধারণত কোনোকিছ্তে বড়-একটা অবাক হন না। তব্ ডঃ শেড্চেন্কোও মাতব্বির হাসি হেসে একবার না-বলে পারেন নি:

'আপনার এই বেড়ালটা তো দেখি ভারি মজার। ও তো রীতিমতো পাহারা দিচ্ছে এখানে। ভারি আশ্চর্য ব্যাপার...'

ব্রুবেল নিকা, আমার কিন্তু এটা মোটেই মজার বা আশ্চর্য ব্যাপার বলে মনে হয় নি। ইউশ্কার শরীরে কত-যে দয়ামায়া ছিল সেকথা মনে করলে তার কথা ভেবে আমার ব্রুটা এখনও ম্চড়ে ওঠে।

এর পরে যা ঘটল সেটাও কিন্তু কম আশ্চর্য নয়। কোলিয়ার অস্থের শেষ সাংঘাতিক সংকটটা যথন উত্রে গেল আর অস্থেটা ভালোর দিকে মোড় নিল, কোলিয়ার ইচ্ছেমতো খাবার পথ্য হিসেবে দেয়ার অন্মতি মিলল যথন, যথন সে এমনকি বিছানায় উঠে বসে খেলা করতে পারল, ইউশ্কাও তখন তার পাহারার কাজ ছেড়ে চলে গেল। আমার বিছানায় নিল্ডের মতো চিংপাত হয়ে শ্য়ে এতদিন ভালো করে না-ঘ্মনোর শোধ তুলতে লাগল সে। তারপর শেষপর্যন্ত যখন সে কোলিয়ার সঙ্গে প্রথমবার দেখা করতে এল, তখন কিন্তু তাতে একটুকু উত্তেজিত বলে মনে হল না। কোলিয়া তাকে ব্কে জড়িয়ে আদর করল, চটকাল খানিকটা, আদরের নাম ধরে ডাকাডাকি করল, কিন্তু ইউশ্কা কোলিয়ার দ্বলি হাত থেকে পিছলে বেরিয়ে এসে খালি একবার, গর্বু আওয়াজ তুলল, তারপর খাট থেকে লাফিয়ে নেমে ঘরের বাইরে চলে গেল।

ব্ৰলে নিকা, এবার এমন একটা ঘটনার কথা বলব যা শ্নেলে তোমার বিশ্বাস হবে না। এর আগে ঘাকেই আমি এই ঘটনার কথা বলেছি সে-ই ম্থে এমন একটা হাসি ফুটিয়ে এই গলপ শ্নেছে যার মধ্যে অবিশ্বাস আর দ্ভেব্দি মাখানো থেকেছে, কিংবা যাকে বলা যায় জোর করে ম্থে ভদ্রতাস্চক হাসি ফোটানো আর-কি। কখনও-কখনও আমার বন্ধ্রা বলেছে: 'তোমাদের, লেখকদের কলপনার দৌড় আছে বটে একখানা! সত্যি বাপ্ত, তোমাদের দেখলে হিংসে হয়। টেলিফোনে কথা বলার জন্যে বেড়াল বাস্ত হয়েছে এমন কথা কে কবে শ্নেছে?'





তব্ ব্যাপারটা কিন্তু সত্যি। কীভাবে এটা ঘটল তাহলে বলি, শোনো।

অস্থের পর যথন প্রথম বিছানা ছাড়ল কোলিয়া তথন সে যেমন রোগা তেমনই ফ্যাকাশে মেরে গেছে আর ন্যাবার্গীর মতো ম্থে-চোথে তার অস্ত্র হলদেটে ছাপ পড়েছে। ঠোঁটদ্টো রক্তশ্না, চোখদ্টো গতে-বসা আর হাতদ্টো আলোর সামনে ধরলে এত স্বচ্ছ দেখাছে যে তাতে সামান্য একটু গোলাপির আভালাগা চামড়া ছাড়া আর কিছ্ আছে কিনা সন্দেহ হয়। কিছু মান্থের প্রেমমতা এক মন্ত বড় ও অফুরান শক্তি। মায়ের সঙ্গে কোলিয়াকে পাঠানো হল দ্'শো মাইলটাক দ্রের ভারি চমংকার এক স্বাস্থানিবাসে স্বাস্থোদ্ধারের জন্যে। পেরগ্রাদ থেকে এই স্বাস্থানিবাসে সরাসরি টেলিফোন করা যেত, আর একটু চেণ্টাচরির করলে শহরতলীতে আমাদের মহল্লার সঙ্গেও যোগাযোগ করা সন্তব ছিল স্বাস্থানিবাস্টির। আমাদের বাড়িতে আবার টেলিফোনও ছিল। কোলিয়ার মা এ-ব্যাপারটা খ্র তাড়াতাড়ি ধরতে পেরেছিলেন, তাই একদিন যখন আমি টেলিফোন তুলে ওদিক থেকে বহ্পরিচিত গলা শ্রুতে পেল্য তখন আনন্দে আটখানা হয়েছিল্যুম, অবাকও বড় কম হই নি সেদিন। প্রথমে শ্রুনল্যুম এক মহিলার ক্লান্ত গলায় দরকারি কাজের কথা, তারপর কানে এল এক বাচার সতেজ প্রাণবন্ত ও খ্রিশভরা গলার আওয়াজ।



ইউশ্কার বড় ও ছোট দুই বন্ধ, বাড়ি ছেড়ে বেড়াতে যাওয়ার পর সে তো ভয়ঙকর বিচলিত হয়ে পড়ল আর কেমন যেন ধাঁধায়ও পড়ে গেল। ঘরে-ঘরে ঘুরে বেড়াতে লাগল সে, একোণ-ওকোণ শাঁকে বেড়াতে লাগল। একবার করে শোঁকে আর কী-একটা বিশেষ অর্থে যেন মিক-মিক করে ডাকে। আমাদের অতদিনের দীর্ঘ জানাশোনার মধ্যে সেই প্রথম তাকে ওই শব্দটা উচ্চারণ করতে শা্নলাম। বেড়ালের ভাষায় ওই শব্দটার যে কী মানে তা আমি বলতে পারব না, তবে মান্যের ভাষায় ওর অর্থ ছিল খা্ব পরিষ্কার। তা হল: 'কী ব্যাপার? গেল কোথায় ওরা? এভাবে ওদের হারিয়ে যাওয়ার মানে কী?'

ওইভাবে ডাকত আর আমার দিকে বিস্ফারিত চোখ মেলে তাকিয়ে থাকত ইউশ্কা। ওই হলদেটে-সব্জ চোখদ,টোয় আমি দেখতে পেতুম একরাশ বিস্ময় আর প্রশ্ন, আর আমার কাছে তার জবাবের দাবি।

ফের একবার ইউশ্কা মেঝেয় শ্রে ঘ্যোতে শ্র, করল। এবার সে শ্ত আমার লেখার টেবিল ও কোচের মধ্যেকার সর, একফালি জায়গাটাতে। ব্থাই তাকে ভূলিয়েভালিয়ে আমার নরম আরামকেদারাটায় কিংবা সোফাটায় শোওয়ানোর চেণ্টা করল্ম। ওইসব জায়গায় শ্তে সে সরাসরি অস্বীকার করে বসল, এমনকি তাকে নিয়ে গিয়ে সেখানে শ্রইয়ে দিলেও সে এক-ম্র্ত স্থির হয়ে থাকত মাত্র, তারপরই বিনীতভাবে লাফ দিয়ে নেমে পড়ে ফের ফিরে যেত তার সেই অন্ধকার, শক্ত, ঠাণ্ডা মেঝের কোণটিতে।

আমাদের টেলিফোনের যশ্রটা থাকত ঘরের সংলগ্ন ছোটু একটা খ্পরিতে ছোট একটা গোল-টেবিলে বসানো। টেবিলের ধারেই ছিল পিঠছাড়া বেতের একখানা চেয়ার। স্বাস্থ্যনিবাসের সঙ্গে টেলিফোনে আমার কথাবার্তার সময় ঠিক কোনবার-যে ইউশ্কাকে প্রথম পায়ের কাছে বসে থাকতে দেখি তা আর আজ আমার মনে পড়ে না। তবে এটুকু মনে আছে যে স্বাস্থ্যনিবাস থেকে কোলিয়া আর তার মা টেলিফোনে কথা বলা প্রথম শ্রে, করার অলপ কিছ্রদিনের মধ্যেই এটা ঘটেছিল। এর পরে অবস্থা এমন দাঁড়াল যে টেলিফোনটা বাজলেই যেখানে থাকুক ইউশ্কা সঙ্গে সঙ্গে ছ্রটে আসত টেলিফোনের কাছে, অবশেষে ওই খ্পরি-ঘরেই থাকা শ্রে, করে দিল সে।

ইউশ্কার এই রক্মসক্ষের মানে ব্রুতে তখন আমার সময় লেগেছিল। ব্যাপারটা যে কী ঘটছে তা আমি ধরতেই পারি নি সেদিন পর্যন্ত — অর্থাৎ যেদিন কোলিয়ার সঙ্গে আমার 'কানেকানে' কথার সময় ইউশ্কা নিঃশব্দে মেঝে থেকে লাফিয়ে আমার কাঁথে চেপে বর্সেছিল, তারপর একসময় নিজের দেহের ভারসাম্য বদলিয়ে সজাগ কান সহ তার রোঁয়াভরা মাথাটা টেলিফোনের রিসিভার আর আমার গালের মাঝখানে সেঁধিয়ে দিয়েছিল, সৈদিন পর্যন্ত।

আমার তখন মনে হয়েছে, বেড়ালের কান তো শ্নেছি ভীষণ সজাগ। অন্ততপক্ষে কুকুরের চেয়ে তা বেশি ভালো শ্নতে পায়, আর মান্ধের চেয়ে যে অনেক গ্ণে বেশি ভালো শ্নতে পায় তাতে কোনো সন্দেহ নেই। যখনই আমরা বন্ধ্বান্ধবের বাড়ি থেকে নেমন্তর সেরে বেশি রাত করে বাড়ি ফিরেছি, তখনই দেখেছি, ইউশ্কা বহ, দ্র থেকে আমাদের পায়ের শব্দ চিনতে পেরেছে আর বাড়ি থেকে তিনটে গলির মোড় ছাড়িয়ে ছাটে এসে আমাদের অভ্যর্থনা জানিয়েছে। তার মানে, আমাদের পরিবারের প্রত্যেকের পায়ের শব্দ, কথা বলার আওয়াজ, ইত্যাদির সঙ্গে সে ভালোই পরিচিত।

এর আরও একটা প্রমাণ আছে। সে-সময়ে গেয়ণি নামে আমাদের পরিচিত এক পরিবারের ভারি দ্রেভ একটি চার-বছরে বাচ্চা ছিল। প্রথম মেদিন এই বাচ্চাটি আমাদের বাড়ি এসেছিল সেদিন সারাক্ষণ সে কান আর ল্যাজ টেনে দিয়ে চটকাচটিক করে আর প্রাণপণে পেট চেপে ধরে বেড়ালটাকে জ্বালিয়ে মেরেছিল। ইউশ্কা সাংঘাতিক চটেছিল সেদিন, কিন্তু ভীষণ আদবকায়দাদ্রন্ত বলে একবারের তরেও সে গেয়ণিকৈ আঁচড়ে দেয় নি। তবে এরপর যখনই গেয়ণি আমাদের বাড়ি এসেছে—তা সে দ্বেসন্তা, একমাস কিংবা আরও পরে যখনই হোক—তখনই বাড়ির সদর দরজায় গেয়ণির রিন্রিনে গলা কানে আসামাত্র কর্ণস্বের তাহি-তাহি ডাক ছেড়ে ইউশ্কা পড়ি-মরি করে নিরাপদ আশ্রয়ে ল্বকোতে ছ্টেছে। গ্রীম্মকালে গেয়ণি এলে স্বচেয়ে কাছে যে-খোলা জানলা পেয়েছে লাফিয়ে তা দিয়ে বাইরে পালিয়েছে ইউশ্কা। আর



শীতকাল হলে সে অবিলম্বে ল্যাকিয়েছে গিয়ে সোফা কিংবা ভ্রয়ার-টানা আলমারির নিচে। সত্যি, ইউশ্কার ছিল ভারি প্রথর প্রবণশক্তি আর স্মৃতিশক্তিও।

কাজেই আমার মনে হয়েছে, কোলিয়ার মিণ্টি গলা চিনতে পারা আর তার প্রিয় বন্ধ কোথায় ল্যাকিয়ে থেকে কথা বলছে তা দেখার চেণ্টা করার মধ্যে— অর্থাৎ ইউশ্কার এই আচরণের মধ্যে— অপ্নাভাবিকতা কোথায়?

আমার এই অন্মান সত্যি কিনা তা পরীক্ষা করতে চাইল্ম। ওইদিনই সদ্ধেয় স্বাস্থ্যনিবাসে একখানা চিঠি লিখে সবিস্তারে ইউশ্কার আচরণের কথা জানাল্ম আমি আর কোলিয়াকে বলল্ম এর পরের বার সে যখন আমায় টেলিফোন করবে তখন যেন মনে করে অবশ্যই প্নরাবৃত্তি করে সেইসব কথার ইউশ্কাকে আদর করে যে-সমস্ত কথা সে বলে থাকে। আর যখন সে ওই কথাগ্লো বলবে তখন এধারে আমি রিসিভারটা ধরব ইউশ্কার কানের কাছে।

শিগ্গিরই এ-চিঠির জবাব পেল্ম আমি। কোলিয়া লিখেছিল ইউশ্কার এমন একনিষ্ঠতায় সে ভারি মৃশ্ধ হয়েছে আর আমি যেন ইউশ্কাকে তার কথা মনে করিয়ে দিই। সে আরও লিখেছিল যে তার দিন-দ্য়েকের মধ্যেই সে আবার টেলিফোন করবে, কেননা তার পরের দিন তারা জিনিসপত্র বে'ধেছে'দে বাড়ির দিকে রওনা দেবে।

আর সতিয়ই, তার পরের দিনই সকালবেলা টেলিফোন-অপারেটর আমায় জানাল যে স্বাস্থানিবাস থেকে আমায় টেলিফোনে ডাকছে। ইউশ্কা সে-সময়ে আমার পাশে মেঝেয় দাঁড়িয়ে ছিল। ওকে তুলে নিয়ে কোলে বসাল্ম। এরপর তারের মধ্যে দিয়ে কোলিয়ার রিন্রিনে গলা ভেসে এল। কত নতুন-নতুন ব্যাপার সে দেখেছে, কত নতুন বন্ধ, হয়েছে তার সে-কথা বলল সে। বাড়ি ফেরার আগে বাড়ি সম্বন্ধেও তার কত-যে প্রম্ন, কত অন্রোধ-উপরোধ, কত কী করে রাখতে হবে তার নির্দেশ, এসবও শোনাল। ওর এই কথার তোড়ের মধ্যে কোনোরকমে ফাঁক খ্রেজ নিয়ে আমি একবার আমার অন্রোধটা জানাল্ম:

'কোলিয়া, লক্ষ্মী বাবা আমার, টেলিফোনের রিসিভারটা এবার আমি ইউশ্কার কানে ধরছি। কেমন ? ওকে একটু আদর করে কথা বল তো।'

'কী কথা বলব আবার? কথা-টথা আমি কিছু জানি না,' নীরস গলায় জবাব দিল ও। 'লক্ষ্মী বাবা আমার, ইউশ্কা শ্বনছে কিন্তু। আদর করে একটু-কিছু বল। শিগ্গিরি।'

'কিন্তু কী বলব ব্ৰুতে পার্রছি না যে। মনে পড়ছে না কিছ্ব,' নাকীস্বরে টেনে-টেনে বলল কোলিয়া। 'আচ্ছা বাবা, এখানে যেমন আছে আমায় তেমনি একটা পাখির খাঁচা কিনে দেবে তো? জানলার বাইরে ঝুলিয়ে রাখব।'

'কোলিয়া, কথা শোনো বাবা। তুমি তো ভারি লক্ষ্মী ছেলে, তাই-না? তুমি কথা দিয়েছিলে কিন্তু ইউশ্কার সঙ্গে কথা বলবে।'

'কিন্তু বেড়ালের সঙ্গে কী করে কথা বলতে হয় তা তো জানি না আমি। আমি পারব না কিছুতেই। কথা বলা ডু-লে গে-ছি আ-মি।'

এমন সময় টেলিফোনের ভেতরে ঠুন করে আর চড়চড় করে আওয়াজ উঠল একটা। অপারেটরের রাগ-রাগ গলা শোনা গেল:

'আজেবাজে কথা বলে সময় নণ্ট করছেন কেন? রিসিভার নামিয়ে রাখনে। অন্য অনেকে লাইন পাবার জন্যে অপেক্ষা করে আছে।'

ফের একটা ঠুন করে আওয়াজ হল আর ফোনের লাইন গেল কেটে।

এইভাবে আমার পরীক্ষার চেণ্টা বিফল হল। কী লণ্জার কথা! আমি ভীষণ জানতে চাইছিল,ম পরিচিত আদরের কথাগ,লো শ্বনে আমাদের ব্যদ্ধিমতী মেনিবেড়াল তার সেই মৃদ্ধ গর্র আওয়াজ তুলে সাড়া দেয় কিনা। কিন্তু তা আর হল না।

এই হল গিয়ে ইউশ্কার গলপ।

বেশিদিন হয় নি আমাদের সেই বেড়ালটা মারা গেছে ব্ড়ো হয়ে। তার জায়গায় আমরা এখন প্রেছি মখমলের মতো নরম গা-ওয়ালা একটা হ্লোবেড়াল। হ্লোর গলপ আমি এর পরের বার বলব, কী বল নিকা?



অন্বাদ: মদলাচরণ চট্টোপাধ্যায় ছবি এ'কেছেন দাভিদ বরোভ্দিক

> А. Куприи ЮШКА На языке бенеали

© বাংলা অনুবাদ - সচিত্র - প্রগতি প্রকাশন - ১৯৮১ সোভিয়েত ইউনিয়নে মুদ্রিত

EIII

প্রগতি প্রকাশন মঙ্গেকা